

মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (পারিশ্রমিক ও বিশেষ অধিকার) আইন, ১৯৯৮

(১৯৯৮ সনের ৪ নং আইন)

মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের পারিশ্রমিক ও বিশেষ অধিকারের জন্য বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন

যেহেতু মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের পারিশ্রমিক ও বিশেষ অধিকারের জন্য বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন

১। (১) এই আইন মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (পারিশ্রমিক ও বিশেষ অধিকার) আইন, ১৯৯৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৭ই আষাঢ়, ১৪০৪ মোতাবেক ১লা জুলাই, ১৯৯৭ তারিখে বলবত্ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

সংজ্ঞা

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে, “মহা হিসাব নিরীক্ষক” অর্থ সংবিধানের ১২৭ অনুচ্ছেদের অধীন নিযুক্ত বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক।

বেতন

৩। (১) মহা হিসাব নিরীক্ষক প্রতি মাসে সরকারের একজন সচিব যে বেতন পান তদপেক্ষা শতকরা পাঁচ ভাগ অধিক বেতন প্রাপ্য হইবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন মহা হিসাব নিরীক্ষকের প্রাপ্য বেতনের উপর আয়কর প্রদান করিতে হইবে না।

বাসস্থান, ইত্যাদি সংক্রান্ত বিশেষ সুবিধা

৪। মহা হিসাব নিরীক্ষক নিম্নবর্ণিত বিশেষ সুবিধাদি প্রাপ্য হইবেন, যথা:-

(ক) বিনা ভাড়া, পৌরকর ও স্থানীয় খাজনামুক্ত এবং বিনামূল্যে বিদ্যুত্, গ্যাস ও পানি ব্যবহারের সুবিধা সম্বলিত সজ্জিত বাসভবন, এবং এইরূপ বাসভবনের ব্যবস্থা না করা পর্যন্ত, সরকারের একজন সচিবের প্রাপ্য বাড়ীভাড়া ভাতার সমপরিমাণ ভাতা;